দৈনিক
ইত্তেফাক

তারিখ ...5 AUG 2017...
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

# রেজিস্ট্রারের অব্যাহতি দাবিতে আবার অবস্থান কর্মসূচি

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়

■ ইত্তেফাক রিপোর্ট

পাঁচদিন ধরে বিক্ষোভের পর গত বৃহস্পতিবার সন্ধ্যায় প্রশাসনের আশ্বাসে আন্দোলন স্থগিতের ঘোষণা করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। কিন্তু আবার রেজিস্ট্রারের অব্যাহতির দাবিতে অবস্থান কর্মসূচি শুরু করেছেন শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার সকাল ১০টা থেকে শিক্ষার্থীরা ব্র্যাক.বিশ্ববিদ্যালয়ের সামনে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করেন।

আন্দোলনকারীদের মুখপাত্র কামরুন নাহার ডানা জানান, শিক্ষকদের প্রতি সম্মান জানিয়ে আমরা আন্দোলন স্থগিত করেছিলাম। কিন্তু তখন সাধারণ শিক্ষার্থীদের মতামত নেওয়া হয়নি।

শিক্ষার্থীদের বক্তব্য, রেজিস্ট্রার মুহাম্মদ শাহুল আফজাল পদে থাকলে তদন্ত সুষ্ঠু হবে না। তাই আমরা তদন্ত চলাকালে হলেও তার অব্যাহতি চাই। এছাড়া আন্দোলনকারী শিক্ষার্থীদের হেনস্থা না করারও কোনো ঘোষণা বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া হয়নি। তাই আমাদের বিক্ষোভ চলবে।

শিক্ষার্থীদের দাবিগুলো হচ্ছে- রেজিস্ট্রার মুহাম্মদ শাহুল আফজাল, সহকারী রেজিস্ট্রার মাহি উদ্দিন এবং কো-কারিকুলাম অ্যাক্টিভিটিজের সিনিয়র অফিসার জাভেদ রাসেলকে বরখাস্ত, নিরাপত্তাকর্মীদের হাতে ছাত্রীদের লাঞ্ছিত হওয়ার ঘটনা তদন্ত করা, তদন্ত চলাকালে ফাইনাল পরীক্ষাসহ সব ধরনের অ্যাকাডেমিক কার্যক্রম স্থগিত রাখা, শিক্ষার্থীদের হয়রানির জন্য ভিসির প্রকাশ্যে ক্ষমা প্রার্থনা করা এবং আলোচনার ভিত্তিতে নতুন করে পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা।